একুশে -কি ও কেন?

একুশে সম্পর্কে কিছু কথা।

১.১ একুশে আসলে কী?
১.১.১ কী কী ভাষা (Language) ও লিপি (Font) একুশেতে ব্যবহার করা যায়?
১.১.২ একুশেতে কত রকমের কি-বোর্ড বিন্যাস ব্যবহার করা যায়?
১.১.৩ কী কী সফটওয়ারে (Software) একুশে ব্যবহার যোগ্য?
১.১.৪ একুশে কোন ধরণের প্রাথমিক-সফট্ওয়ারে (operating system) কার্যকরী?
১.২ একুশে ব্যবহারের জন্য ন্যুনতম প্রয়োজনীয় উপাদান (minimum specification) কী হবে?
১.৩ একুশে কারা এবং কেন তৈরি করেছে?
১.৪ একুশে কীভাবে কাজ করে?
১.৪.১ একুশের মূল নির্দেশ (source code) কি দেখা সম্ভব?

একুশে ব্যবহার সম্পর্কে কিছু কথা।

২.১ এটি কোথায় পাওয়া যাবে এবং কোনটি নতুন রূপান্তর (version)?
২.২ একুশে কীভাবে স্থাপন (install) করা যাবে?
২.২.১ একুশে সফল ভাবে স্থাপিত (installed) হয়েছে কি না, বুঝবো কীভাবে?
২.২.২ এটি কীভাবে চালু করবো?
২.৩ বাংলা টাইপ কীভাবে করবো?
২.৩.১ কিছু 'কি'-বোর্ড বিন্যাসে স্বরবর্ণ ও এই বর্ণরূপ [যথা 'া'-কার 'ি'-কার] লিখতে একই 'কি' (key) ব্যবহার করা হয় কেন?
২.৩.২ হসন্ত (্) কীভাবে লিখবো?
২.৪ 'কি'-বোর্ড বিন্যাস (keyboard layout) কীভাবে পরিবর্তন করবো?
২.৪.১ নতুন কি-বোর্ড বিন্যাস কীভাবে তৈরি করবো?
২.৪.২ সংযোগ (link) ও যুক্ত (join) এর মধ্যে পার্থক্য কী?
২.৪.৩ যুক্তাক্ষর (compose) তৈরি করার বিভিন্ন বিকল্পের (options) কাজ কী?
২.৪.৪ উচ্চারণভিত্তিক (phonetic) ও দৃশ্যভিত্তিক (graphic) টাইপের পার্থক্য কী?

২.৪.৫ উপরিউক্ত দুটি পদ্ধতির কোনটি সোজা?
২.৪.৬ 'কি'-বোর্ড বিন্যাস কোথায় সংরক্ষিত থাকে?
২.৫ একুশেকে কীভাবে স্বনির্মিত (configure) করবো?
২.৬ লিপ্যান্তর (transliteration) কাকে বলে?
২.৬.১ লিপ্যান্তর (transliteration) কি নিজ পছন্দ (customisable) অনুযায়ী করা সম্ভব?
২.৭ লিপি পরিবর্তন (font substitution) কাকে বলে?

একুশের সমস্যার সমাধান।

৩.১ একুশে ব্যবহার করলে এটি চালু হতে দু-এক সেকেন্ড সময় নেয়, এটি কি স্বাভাবিক?
৩.২ আমি 'রানটাইম এরর' (Runtime Error) নামে একটি বার্তা পাচ্ছি কেন?
৩.২.১ এটি বলছে "ভিসুয়াল বেসিকের পরিবেশ চালু করতে পারছে না" ("Cannot initialise Visual basic Environment") অথবা স্থাপন করবার সময় ত্রুটি ঘটেছে (Errors Occurred During Load), কেন?
৩.৩ কোনও একটি বিশেষ লিপি ব্যবহার করবার সময় একুশে ঠিকমতো কাজ করছে না। আমি কী করতে পারি?
৩.৩.১ অসমীয়া অক্ষরগুলি বাদে একুশে ঠিকমতো কাজ করছে। আমি কী করতে পারি?
৩.৩.২ কখনও জয়েন 'কি' (join key) ব্যবহার করলে লিপি (font) ইংরেজিতে পরিবর্তিত হচ্ছে। কেন?
৩.৩.৩ স ও ট এবং ন ও ট যুক্তাক্ষর এবং অন্য কয়েকটি ক্ষেত্রে সমস্যা হচ্ছে কেন?
৩.৩.৪ উচ্চারণভিত্তিক টাইপে (phonetic typing) কোনও কোনও যুক্তাক্ষর যথাযথ ব্যবহার করছে না কেন?
৩.৪ অধিকাংশ 'কি' (key) ঠিকমতো অথবা আদৌ কাজ করছে না। আমি কী করতে পারি?
৩.৪.১ অন্ততঃ অর্ধেক 'কি' (key) ঠিকমতো কাজ করছে না, সমস্যাটি কোথায়?
৩.৪.২ কিছু 'কি' (key) ঠিকমতো কাজ করছে না, কী করণীয়?
৩.৪.৩ কোনও 'কি' (key) ব্যবহার করলেই ওয়ার্ড আমাকে সাবধান করছে কেন?
৩.৫ ইন্টারনেটে পুনর্নবীকরণ (Internet update) হচ্ছে না কেন?
৩.৬ "একুশ**.ডট নথী(file)র পরিবর্তন কি সুরক্ষিত (save) করতে চাইছেন?" ("Do you want to save the changes you made to ekush**.dot?")
৩.৭ একুশেকে খুঁজে পাচ্ছি না কেন?
৩.৭.১ সাধিত্রমালার (Toolbar) একুশের বোতামগুলি নেই, পুনরুদ্ধার কীভাবে হবে?
৩.৭.২ প্রতিস্থাপিত (uninstall) না করেই কি একুশেকে অক্ষম (disable) করে রাখা যায়?

৩.৭.৩ একুশে এবং ওয়ার্ডের কন্ট্রোল'কি' ত্বরিতাদেশ (shortcuts) একই সঙ্গে ব্যবহার করা যাবে?
৩.৭.৪ স্বপছন্দের (Custom) কন্ট্রোল'কি' ত্বরিতাদেশ (shortcuts) ও একুশে একই সঙ্গে ব্যবহার করা সম্ভব?
৩.৮ কিছু বোতাম-প্রতিকৃতি (Button icons) এবং/অথবা শুরুর ছবি কেন ঠিকমতো কাজ করছে না?
৩.৯ কীভাবে একুশে প্রতিস্থাপিত (uninstall) করবো?
৩.১০ জাপানি/কোরীয়/চিনা উইন্ডোতে কেন একুশে সময় নেয়?
৩.১০.১ এটিকে কি দ্রুত করা সম্ভব?
৩.১০.২ ব্যঞ্জনবর্ণর তুলনায় স্বরবর্ণ টাইপ হতে কেন বেশি সময় লাগে?
৩.১১ একুশের সূচনাকাল কি দ্রুত করা সম্ভব?
৩.১২ একুশেতে কি কোনও পরিচিত সমস্যা আছে?
৩.১২.১ একুশে কি উইন্ডোস-এর নিজস্ব 'কি'-বোর্ড ব্যবস্থার (input locale) দ্বারা প্রভাবিত হয়?
৩.১৩ স্বাভাবিক (Default) বাংলা লিপির পূর্বচিত্রতে (preview) কোনও বাংলা লিপি দেখা যাচ্ছে না কেন?
৩.১৪ একুশের আরও কিছু অসুবিধা অনুভব করছি। কী করবো?

আইনগত বিষয়।

৪.১ একুশের আইনগত অবস্থান কী?
৪.২ একুশে অবাধে ব্যবহার করা যাবে?
৪.২.১ একুশেকে আমার পরিবার/বন্ধু/সহকর্মী/ক্রেতা/অন্যকারো কাছে, উপহার দেওয়া অথবা বিক্রি করা যাবে?
৪.৩ একুশেকে আমার ওয়েবসাইট/বিবিএস অথবা অন্যকোথাও রেখে দিতে পারি?
৪.৩.১ অনুশীলনমালা/ বিনামূল্যে বইএর সঙ্গে বিতরিত সিডি বা অন্য কোনও সিডিতে একে সন্নিবেশিত করা যাবে?
৪.৪ এটিকে পরিবর্তন করা যাবে?
৪.৫ একুশের জন্য কি আরও লিপি পাওয়া সম্ভব?

একুশে সম্পর্কে কিছু কথা।

১.১ একুশে আসলে কী?

এটি মাইক্রোসফ্ট ওয়ার্ডের ভেতরে বাংলায় লেখার একটি প্রোগ্রাম। অসমীয়া অক্ষরও ব্যবহার করা যায়। আবার এই লিপিমালা ব্যবহার করে আধুনিক সিলেটি, মনিপুরি, ডাফলা, গারো, হাল্লাম, খাসি, মিজো, মুন্ডা, নাগা ভাষায় টাইপ করা যায়।

১.১.১ কী কী ভাষা (Language) ও লিপি (Font) একুশেতে ব্যবহার করা যায়?

এতে পাঁচটি লিপি স্থাপিত হয়। (একুশে, একুশে৯৯, লিপিএকুশে, লেখএকুশে ও লিপি মৃত্তিকা), বাংলাদেশের জনপ্রিয় লিপিগুচ্ছের প্রত্যেকটির একটি সমতূল লিপি এখানে ব্যবহার হচ্ছে। যথা বিজয়, বিজয়৯৯, প্রোশিকা ও লেখনী। এছাড়া ভারতে উদ্ভুত আইলিপ(সিডাক) লিপিগুচ্ছ ব্যবহার করা যাবে। এর মধ্যে প্রথম তিনটিতে বাংলার সাথে অসমীয়া ও মনিপুরি টাইপ করা সম্ভব। এগুলি সবকটিই ডি-বি-সি-এস (চিনা/জাপানি ও কোরীয়) উইন্ডোজ-এ ব্যবহার করা যায়। প্রচলিত উইন্ডোজ ব্যবস্থায় একুশে ২২০টির ও বেশি বাংলা লিপি চিনে নিতে পারে। প্রয়োজনে এই সংখ্যা খুব সহজেই পুননবীকরণ করা সম্ভব।(উত্তর ৩.৩ দেখুন)।

১.১.২ একুশেতে কত রকমের 'কি'-বোর্ড বিন্যাস ব্যবহার করা যায়?

যারা প্রথম বাংলা টাইপ করছেন তারা ইউনিকোড (বাংলাদেশ) 'কি'-বোর্ড ব্যবহার করতে পারেন। এছাড়াও এখানে আরও বহু জনপ্রিয় 'কি'-বোর্ড বিন্যাস পাওয়া যাবে। যেমন বাংলাদেশের ন্যাশনাল, মুনীর, গীতাঞ্জলি সত্যজিৎ লেখনী ইত্যাদি। ভারতে প্রচলিত টপটাইপ, আইলিপ (সিডাকের) বিভিন্ন কি-বোর্ড বিন্যাসও আপনি ব্যবহার করতে পারবেন। প্রকৃতপক্ষে একুশেকে আপনি খুব সহজেই আপনার নিজস্ব পছন্দমতো কি-বোর্ড বিন্যাসের পক্ষে উপযোগী করে তুলতে পারেন। এর জন্য আপনাকে সরবরাহকৃত 'কি'-বোর্ড নথী (file) স্থাপন (load) করতে হবে অথবা কি-বোর্ড সম্পাদকের সাহায্যে (editor) আপনার পছন্দের 'কি'-বোর্ড তৈরি করে নেবেন। (দেখুন, উত্তর ২.৪.)

১.১.৩ কী কী সফটওয়ারে (Software) একুশে ব্যবহার যোগ্য?

মাইক্রোসট ওয়ার্ড ৯৭/২০০০/এক্স পি ইংরেজি রূপান্তরের জন্য একুশে প্রস্তুত। বহু ব্যবহারকারী অন্যান্য ভাষার **ওয়ার্ডে** এটি ব্যবহারের অসুবিধার কথা জানিয়েছেন। এই সমস্যা সমাধানের চেষ্টা চলছে। **মাইক্রোসফট আউটলুকে** একুশে ব্যবহার করতে হলে আপনাকে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করতে হবে। আউটলুকের উপাদানে (Menu) যন্ত্রগুচ্ছের (tools) মধ্যে অবস্থিত `Use Microsoft Word to edit e-mail messages` বার্তাটিতে টিক দিন। ওয়েবপাতার (webpage) লেখকরা যদি তাদের পাতাকে বাংলা ভাষা পাঠোপযোগী করে গড়ে তোলেন, তাহলে ইন্টারনেট এক্সপ্লোরারের মধ্যে **ওয়ার্ড** চালু থাকলে একুশে ব্যবহার করা যাবে। **কোরেল ড্র**-তে এক ধরণের VBA পাওয়া যায়। কিন্তু দুর্ভাগ্যবশত: এটি মূলত ছবি ত্বরান্বিত করার উপযোগী, লেখার পক্ষে নয়। ফলে **কোরেল ড্র** রূপান্তর-১০ থেকে একুশে ব্যবহার অনুপযোগী হয়ে উঠেছে। যদি আপনি এই প্রোগ্রামে একুশে ব্যবহার করতে চান তাহলে কোরেল কর্পোরেশনের সঙ্গে যোগাযোগ করে তাদের অনুরোধ করুন, তারা যেন আগামী রূপান্তরে (‘১১’) লেখ্য বিষয় ব্যবহারের ক্ষেত্রে VBA সাহায্যের বিষয়টি পুনরায় সংযুক্ত করেন।:-) কারিগরি সমস্যাজনিত কারণে এই মূহুর্তে একুশেকে অন্য কোনও প্রোগ্রামে চালানো সম্ভব নয় এবং সেরকম কোনও পরিকল্পনাও নেই।

১.১.৪ একুশে কোন ধরণের প্রাথমিক-সফটওয়ারে (operating system) কার্যকরী?

মাইক্রোসফট উইন্ডোজ-এর ৯৫/৯৮/এম ই/২০০০/এক্স পি ব্যবহারের উপযোগী করে একুশে প্রস্তুত। বর্তমানে ম্যাকিন্টস ব্যবস্থায় এটি অনুপযোগী। (অবশ্য আপনি যদি অ্যাপেল ম্যাকিন্টসে **ওয়ার্ড** ব্যবহারকারী হন এবং আপনার VBA বিষয়ে কিছু জ্ঞান থাকে তাহলে একুশে ম্যাকিন্টসে ব্যবহারের জন্য দয়া করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।) অন্য কোনও প্রাথমিক সফটওয়ার যথা লিনাক্সে এটি অনুপযোগী কারণ এতে এম-এস ওয়ার্ড কাজ করে না। লিনাক্সে ব্যবহারোপযোগী এম-এস ওয়ার্ডের সমগোত্রীয় ওপেন অফিস এখনও একুশেতে কার্যকরী নয়।

১.২ একুশে ব্যবহারের জন্য ন্যুনতম প্রয়োজনীয় উপাদান (minimum specification) কী হবে?

একুশের সর্বনিম্ন প্রয়োজনীয় উপাদান হলো উইন্ডোজ ৯৫ ও ওয়ার্ড ৯৭। তবে সম্ভব হলে আপনি উইন্ডোজ ২০০০ বা অগ্রিম সফটওয়ার ব্যবহার করুন। আপনার দ্রুত টাইপের অভ্যেস থাকলে আপনি ৪৮৬ বা পুরোনো পেন্টিয়ামে অসুবিধা ভোগ করবেন। ভাল ফলাফলের জন্য আপনাকে ৩৫০ মেগাহার্জ বা তদুর্ধ গতি সম্পন্ন প্রসেসর ব্যবহার করতে অনুরোধ করা হচ্ছে।

১.৩ একুশে কারা এবং কেন তৈরি করেছে?

অ্যাল্টট্‌ইস্ট ইন্টারন্যাশনালের পৃষ্ঠপোষকতায় এই কাজ করা হচ্ছে। রবিন আপটন একুশে পরিকল্পনা, উন্নতি এবং তৈরি করেছেন। কারিগরী উপদেশ প্রদান করেছেন রবার্ট অ্যান্ডারসন। একুশে লিপি তৈরি করেছেন রবিন আপটন। এটিতে সৈয়দ রাসেল সৃষ্ট মূল লিপির কাঠামো ব্যবহার করা হয়েছে। ইন্টারনেট নির্ভর প্রচার চালাচ্ছেন রবিন আপটন। হার্ডওয়ারের বিষয়ে সাহায্যের দায়িত্বে আছেন কেভিন টওয়েল। ফলাফল বিশ্লেষণের প্রধান দায়িত্বে আছেন ওমি আজাদ এবং চিত্রগুলি তারই তৈরি। ইন্টারনেট বহির্ভূত প্রচারের প্রধান উপদেষ্টা অ্যাঞ্জেলা রবিনসন। ডি-বি-সি-এস কম্পিউটারের পরীক্ষা করছেন কোসাকু সাসাদা অন্যান্য পরীক্ষা করেছেন বরুণ নাফাক ও মাহাতার হোসেন। অনুবাদের দায়িত্বে আছেন অনমিত্র দাশ। তিনি কিছু ভারতীয় কি-বোর্ড বিন্যাস প্রস্তুত করে দিয়েছেন এবং ভারতীয় লিপিগুলির ব্যবহারযোগ্যতা পরীক্ষা করেছেন। কম্পিউটারে বাংলা টাইপ করার সুবিধা করে দিয়ে আমরা বাংলা ভাষা ও সংস্কৃতির উন্নয়ণ কামনা করি।

১.৪ একুশে কীভাবে কাজ করে?

মাইক্রোসফ্ট ওয়ার্ডে ভি-বি-এ নামে একটি শক্তিশালি প্রোগ্রামিং-এর ভাষা অন্তর্ভুক্ত আছে। ওয়ার্ডের মধ্যে অবস্থান করে, এমন কম্পিউটার নির্দেশ এর মাধ্যমে লেখা সম্ভব। এছাড়াও 'কি'-গুলির নির্দিষ্ট বন্ধন এটির মাধ্যমে তৈরি করা সম্ভব। একুশে প্রত্যেকটি 'কি'-এর জন্য একটি আলাদা নির্দেশ তৈরি করে, ফলে প্রত্যেকটি 'কি' ব্যবহার করলে এটি প্রথমে তার বিশেষ নির্দেশের সঙ্গে তুলনা করে ও ইংরেজি লিপির ক্ষেত্রে অপরিবর্তিত ভাবে ইংরেজি অক্ষরটি ছেপে দেয় এবং বাংলার ক্ষেত্রে আপনার পছন্দমতো 'কি'-বোর্ড বিন্যাস ও লিপি অনুযায়ী অক্ষরটি ছেপে দেয়। আপনি যখন 'যুক্ত' কি ব্যবহার করেন তখন একুশে পূর্ববর্তী অক্ষরগুলি বিশ্লেষণ করে এবং প্রয়োজনীয় অক্ষরগুলি বদল করে সঠিক যুক্তাক্ষরটি ছেপে দেয়।

১.৪.১ একুশের মূল নির্দেশ (source code) কি দেখা সম্ভব?

হ্যাঁ সম্ভব। তবে স্বভাবিক অবস্থায় একুশে চলাকালীণ দেখা সম্ভব নয়। ওয়ার্ডের নিয়ামক নথী (template file) 'একুশে --.ডট' খুঁজে নিন। এম-এস ওয়ার্ডের আরম্ভ নথীগুচ্ছের (startup folder) বাইরে অন্য কোথাও এর প্রতিলিপি (copy) প্রস্তুত করুন। এবং নথীটি চালু (open) করুন। ভি-বি-এ সম্পাদক (VBA Editor) চালু করার জন্য ALT +F11 টিপুন। এবার প্রোজেক্ট এক্সপ্লোরার দেখার জন্য CTRL+R টিপুন। এখানে 'একুশে'তে ক্লিক করুন।

একুশে ব্যবহার সম্পর্কে কিছু কথা।

২.১ এটি কোথায় পাওয়া যাবে এবং কোনটি নতুন রূপান্তর (version)?

সর্বশেষ রূপান্তর জানার জন্য ওয়েবসাইট দেখুন। এটি নিম্নসম্পূরণের (download) জন্য পাওয়া যাবে এখানে www.altruists.org অথবা এখানে www.altruists.org.uk.

২.২ একুশে কীভাবে স্থাপন (install) করা যাবে?

প্রথমে এম-এস ওয়ার্ড বন্ধ করুন। এরপর স্থাপন করার প্রোগ্রাম ekush**.exe চালু করুন। এবার এই প্রোগ্রাম নিজেই আপনাকে চালিত করবে এবং আপনি একুশে স্থাপন করতে সমর্থ হবেন। স্থাপন করবার পরে আপনি প্রথম ওয়ার্ড চালু করলে, একুশে আপনার মেশিনে স্থাপিত লিপিগুলি পরীক্ষা করবে এবং আপনার পক্ষে উপযুক্ত কিছু লিপি নিয়ে নিজেকে প্রস্তুত রাখবে। পরে আপনি চাইলে স্বনির্মাণ চিত্রের (configuration screen) মাধ্যমে এই ব্যবস্থাটির পরিবর্তন করতে পারবেন।

২.২.১ একুশে সফল ভাবে স্থাপিত (installed) হয়েছে কি না, বুঝবো কীভাবে?

একুশে সফল ভাবে স্থাপিত হলে, স্থাপনের পর প্রথম মাইক্রোসফট ওয়ার্ড চালু করলে একটি প্রচার চিত্র (splash screen) আপনাকে অভ্যর্থনা করবে। এবং একুশে চালু আছে এটি বোঝার জন্য "Ctrl" এবং "/" কি দুটি একই সঙ্গে টিপে দিলে 'একুশে সম্পর্কে' About Ekushey চিত্রটি অবশ্যই দেখতে পাবেন।

২.২.২ এটি কীভাবে চালু করবো?

মাইক্রোসফট ওয়ার্ড চালু করলেই একুশে কাজ করতে শুরু করবে। এবার আপনি একটি বাংলা লিপি চয়ন করুন ও টাইপ করতে শুরু করুন। F6 'কি' টিপে সবথেকে দ্রুত বাংলা ও ইংরেজির মধ্যে বদল সম্ভব।

২.৩ বাংলা টাইপ কীভাবে করবো?

F6 'কি' টিপে অথবা লিপি বদল প্রতিচিত্র (toggle icon) টিপে আপনি প্রথমে বাংলা লিপি আনুন। এরপরে আপনার পছন্দমতো বাংলা অক্ষরের 'কি' টি টিপুন। (এটি আপনার পছন্দ করা 'কি'বোর্ড বিন্যাসের উপর নির্ভর করবে)। আপনি সম্পূর্ণ ভাবে আপনার অভ্যস্ত পদ্ধতিতেই এখানে টাইপ করতে পারবেন। যেমন আপনি যদি টাইপরাইটার নির্ভর বিন্যাস মুনির-এ টাইপ করেন তাহলে সেখানে যেভাবে টাইপ করতেন এখানেও সেইভাবেই টাইপ করবেন। যেমন কোনও বিন্যাসের ক্ষেত্রে প্রথমে 'ড' টাইপ করে পরে ফুটকি টাইপ করলে 'ড়' হয়, এখানেও সেই 'কি'বোর্ড বিন্যাসে একই পদ্ধতিতে টাইপ করবেন।

২.৩.১ কিছু 'কি'-বোর্ড বিন্যাসে স্বরবর্ণ ও এই বর্ণরূপ [যথা 'া'-কার 'ি'-কার] লিখতে একই 'কি' (key) ব্যবহার করা হয় কেন?

উচ্চারণভিত্তিক টাইপ ব্যবস্থায় আপনি দুটো ক্ষেত্রেই একই 'কি' ব্যবহার করতে পারবেন। একুশে নিজে থেকে পরিস্থিতি যাচাই করে প্রয়োজনীয় রূপটি টাইপ করবে। আপনি যেভাবে লেখেন সেভাবে টাইপ না করে, যেভাবে কথা বলেন সেভাবে টাইপ করলে একুশে বাদবাকি কাজটি নিজে থেকে করে দেবে। (এবিষয়ে আরও ব্যাখ্যার জন্য ReadMe নথী দেখুন।)

২.৩.২ হসন্ত (্) কীভাবে লিখবো?

কোনও কোনও বিন্যাসে হসন্ত-র নিজস্ব 'কি' আছে। এছাড়াও দুটি পদ্ধতিতে আপনি এটি টাইপ করতে পারেন। হয় আপনি প্রথমে space 'কি' টিপুন তারপরে যুক্ত (Join) 'কি' টিপুন। অথবা প্রথমে সংযোগ ('Link') 'কি' টিপে তারপরে space 'কি' টিপুন।

২.৪ 'কি'-বোর্ড বিন্যাস (keyboard layout) কীভাবে পরিবর্তন করবো?

একুশে বিকল্প প্রতিচিত্রে (Ekushey options icon) আপনি *'কি'বোর্ড* ট্যাবটি নির্বাচন করুন। এখানে নিম্নসারি তালিকায় (drop down list) আপনি আপনার মেশিনে স্থাপিত সমস্ত 'কি'বোর্ড বিন্যাসের তালিকা দেখতে পাবেন। আপনার পছন্দমতো নামটি নির্বাচন করে *যথার্থ* (OK) ক্লিক করুন। একুশেতে বাংলাদেশ ও ভারতের জনপ্রিয় 'কি'বোর্ড বিন্যাস দেওয়া আছে।

২.৪.১ নতুন 'কি'-বোর্ড বিন্যাস কীভাবে তৈরী করবো?

একুশে বিকল্প প্রতিচিত্রে (Ekushey options icon) আপনি *'কি'বোর্ড* ট্যাবটি নির্বাচন করুন। *'কি'বোর্ড* সম্পাদকটি চালু করার জন্য *স্বনির্মাণ* বোতামটি টিপুন। বিন্যাস বদল করার সব থেকে সহজ উপায় হলো *টানাও ছাড়া* পদ্ধতি। ('drag and drop') (মাউসের নির্দেশিকা কোনও অক্ষরের উপর নিয়ে বাম-বোতামটি টিপে ধরে রাখুন এবং সেই অবস্থায় যেখানে আপনি অক্ষরটি বসাতে চান সেই স্থানে এনে ছেড়ে দিন।) নতুন 'কি'-বন্ধন নির্দিষ্ট করতে হলে, পছন্দমতো স্থানে ক্লিক করুন এবং আপনার পছন্দমতো *বন্ধন* নির্দিষ্ট করুন।

২.৪.২ সংযোগ (link) ও যুক্ত (join) এর মধ্যে পার্থক্য কী?

ReadMe file-এ এটি সম্পুর্ণ ব্যাখ্যা করা আছে। *সংযোগ* (link) হচ্ছে পুরোন পদ্ধতি। যুক্তাক্ষর টাইপ করার জন্য প্রতিটি অক্ষরের মধ্যে আপনাকে এই *'কি'* টি টিপে দিতে হবে। যথা, 'ক্ত' টাইপ করার জন্য আপনাকে 'ক', *সংযোগ*, 'ত' পরপর এই তিনটি *'কি'* টাইপ করতে হবে। *যুক্ত 'কি'* টি ব্যবহার করলে আপনাকে 'ক্ত' টাইপ করার জন্য 'ক', 'ত', *যুক্ত*; পরপর এই তিনটি কি ব্যবহার করতে হবে।

২.৪.৩ যুক্তাক্ষর (compose) তৈরি করার বিভিন্ন বিকল্পের (options) কাজ কী?

যুক্ত কি' ব্যবহার করে যুক্তাক্ষর তৈরি করা যায়। আপনি মূল অক্ষর টাইপ করে *যুক্ত* কি' টি টিপলে এটি পূর্বের অক্ষরগুলি বিশ্লেষণ করে যুক্তাক্ষর তৈরি করে দেবে। যদি যুক্তাক্ষরের পরে আপনি *'যুক্ত'* কি টেপেন তাহলে এটি মূল অক্ষরগুলিকে পুনরাবস্থায় ফিরিয়ে নিয়ে যাবে। যথা 'ক্ত' টাইপ করা অবস্থায় *'যুক্ত'* কি টিপলে আপনি 'ক' ও 'ত' আলাদা করে দেখবেন। *'শুধুযুক্ত'* 'কি' টি ব্যবহার করলে পূর্ববর্নিত কাজের দ্বিতীয়টি হবে না। (অক্ষর বিযুক্ত হবে না।) *'যুক্ত২'* অথবা *'যুক্ত৩'* ব্যবহার করে আপনি পূর্ববর্তী তিনটি অথবা চারটি অক্ষরের যুক্তাক্ষর তৈরি করতে পারবেন। যথা *'স্প্র'* টাইপ করার জন্য আপনাকে ম, প, র, টাইপ করে *যুক্ত২* 'কি' টি টিপলে আপনি 'স্প্র' দেখতে পাবেন। *সংযোগ* সম্বন্ধে জানতে হলে ২.৪.২ উত্তর দেখুন।

২.৪.৪ উচ্চারণভিত্তিক (phonetic) ও দৃশ্যভিত্তিক (graphic) টাইপের পার্থক্য কী?

উচ্চারণভিত্তিক (phonetic) টাইপ ব্যবস্থা হলো উচ্চারণকে অনুসরণ করে টাইপ করা। দৃশ্যভিত্তিক (graphic) টাইপ ব্যবস্থা হলো লেখার ক্রম অনুসরণ করে টাইপ করা। যেমন, 'কে' কথাটি উচ্চারণ আসলে আগে 'ক' তারপরে 'এ'। কিন্তু লেখার সময় আমরা আগে ' ে ' কার ও পরে 'ক' ব্যবহার করি। এক্ষেত্রে প্রথমটি উচ্চারণ ভিত্তিক ও দ্বিতীয়টি দৃশ্যভিত্তিক। অনেক টাইপিং ব্যবস্থায় শুধুমাত্র দৃশ্যভিত্তিক টাইপ করা সম্ভব। কিন্তু একুশেতে আপনি এই দুটোই করতে পারেন।

২.৪.৫ উপরিউক্ত দুটি পদ্ধতির কোনটি সোজা?

এটি সাধারণত: ব্যক্তিগত পছন্দ অপছন্দের উপর নির্ভর করে। তবে আপনি উচ্চারণভিত্তিক পদ্ধতি ব্যবহার করতে পারেন। পুরনো পদ্ধতিতে যারা অভ্যস্ত তাদের জন্য দৃশ্যভিত্তিক পদ্ধতি দেওয়া হয়েছে। এছাড়াও যারা অবাঙ্গালি এবং বাংলা ভাষার সম্পুর্ণ শেখার কোনও সময় ও প্রয়োজন নেই তারা দৃশ্যভিত্তিক পদ্ধতিতে টাইপ করতে স্বচ্ছন্দ বোধ করবেন।

২.৪.৬ কী-বোর্ড বিন্যাস কোথায় সংরক্ষিত থাকে?

ব্যবহৃত হচ্ছে এমন কিবোর্ডটি উইন্ডোজ-এর রেজিস্ট্রি ব্যবস্থার মধ্যে সংরক্ষিত থাকে। *কিবোর্ড বিন্যাস সম্পাদকটি* দ্বারা আপনি আপনার পছন্দের বিন্যাস স্থাপন ও প্রতিস্থাপন করতে পারেন। এবং খুব সহজে নিজস্ব বিন্যাস প্রস্তুত করতে পারেন। এমনকি আপনার তৈরি করা বিন্যাস অন্যান্য মেশিনেও ব্যবহার করা সম্ভব। একুশে বাংলা বিন্যাসগুলি .21B (ডট২১বি) সংযোজন (Extension) যুক্ত নথীর মাধ্যমে সংরক্ষিত থাকে। ইংরেজি বিন্যাসগুলি সংরক্ষিত থাকে .21E সংযোজন যুক্ত নথীর মাধ্যমে। এটি সহজবোধ্য ও সাধারণ ওয়ার্ড প্রসেসরে পড়া যায়। ফলে আপনি ইচ্ছে করলে কিবোর্ড এখানেও সজ্জিত করতে পারেন। তবে আপনাকে বানান সম্পর্কে সাবধান হতে হবে এবং খেয়াল রাখতে হবে যে এগুলোতে টাইপের সারি (case sensitive) খেয়াল রেখে টাইপ করতে হবে।

২.৫ একুশেকে কীভাবে স্বনির্মিত (configure) করবো?

যদি স্বাভাবিক বিকল্প আপনার পছন্দ না হয়, তাহলে খুব সহজে আপনি সেটা বদল করতে পারবেন একুশে বিকল্প প্রতিচিত্রের কথপোকথন ব্যবস্থার মাধ্যমে (dialogue box)। এটি পাবেন Tools menu-র Ekushey বিকল্পের মধ্যে। এখানে বিকল্পগুলি আলাদা ট্যাবে পাওয়া যাবে। এগুলি হলো *'কীবোর্ড'; 'লিপি'; 'আদেশচিত্র'; 'অতিরিক্ত নিয়ন্ত্রণ'* সাধারণ ভাবে আপনি *'অতিরিক্ত নিয়ন্ত্রণ'* ট্যাব ব্যবহার করে কিছু পরিবতর্ন করার প্রয়োজন অনুভব করবেন না।

২.৬ লিপ্যান্তর (transliteration) কাকে বলে?

লিপ্যান্তর হলো একটি অক্ষরকে ইংরেজি থেকে বাংলায় বা বাংলা থেকে ইংরেজিতে পরিবর্তন। বিভিন্ন কাজে এটির প্রয়োজন হয়। যেমন, এভাবে বাংলা অক্ষরগুলি ইংরেজিতে লিপ্যান্তরিত হলে যারা বাংলা পরতে পারেন না তারা বাংলা উচ্চারণ করতে পারবেন। অথবা ইংরেজিতে লিপ্যন্তরিত করে ই-মেল পাঠাতে সুবিধা হবে।

২.৬.১ লিপ্যান্তর (transliteration) কি নিজ পছন্দ (customisable) অনুযায়ী করা সম্ভব?

হ্যাঁ সম্ভব। অভিজ্ঞ ব্যবহারকারীরা *'লিপ্যান্তর চিত্র'* (Phonetic.21m) নথী পরিবর্তন করে এটি করতে পারবেন। এছাড়াও নিজস্ব *'লিপ্যান্তর চিত্র'* তৈরি করা সম্ভব। তবে আপনাকে *'লিপ্যান্তর চিত্র'* তৈরি করবার সময় খেয়াল রাখতে হবে যে, এটি পুনরায় বাংলা থেকে ইংরেজিতে পরিবর্তনের সময় যেন বোধগম্য অক্ষর তৈরি হয়।

২.৭ লিপি পরিবর্তন (font substitution) কাকে বলে?

আপনি যদি কোনও তথ্য (document) এম-এস ওয়ার্ডে খোলেন এবং আপনার মেশিনে সেই তথ্যের/নথীর জন্য নির্দিষ্ট লিপি (font) না থাকে তাহলে ওয়ার্ড নিজে থেকে অন্য লিপিতে তথ্য/নথীটিকে প্রস্তুত করে আপনাকে সেই তথ্য/নথীটি পড়তে সাহায্য করবে। যেমন ইংরেজিতে সাধারণতঃ 'টাইমস্‌ নিউ রোমান' লিপি ব্যবহার করবে। বাংলায় এই ব্যবস্থা না থাকলে আপনি সহজে কিছু পড়তে পারবেন না। কিন্তু একুশে বাংলা লিপি চিনতে পারে এবং প্রয়োজনীয় লিপি না থাকলে অন্য বাংলা লিপি ব্যবহার করে আপনাকে তথ্য/নথীটি পড়তে সাহায্য করে।

একুশের সমস্যার সমাধান।

৩.১ একুশে ব্যবহার করলে এটি চালু হতে দু-এক সেকেন্ড সময় নেয়, এটি কি স্বাভাবিক?

হ্যাঁ। একুশেকে সঠিকভাবে চালানোর জন্য ওয়ার্ড নিজেকে প্রস্তুত করতে সময় নেয়।

৩.২ আমি 'রানটাইম এরর' (Runtime Error) নামে একটি বার্তা পাচ্ছি কেন?

কিছু সাংকেতিক রানটাইম এরর বার্তা যেমন, `31032: Unable to create embedded object` অথবা error number `'-2174xxxxx(80004005)` ইত্যাদি হলে সাধারণত: বুঝতে হবে আপনার মেশিনে ওয়ার্ডের যথার্থ স্থাপনা (clean installation) হয়নি। ওয়ার্ডের পুরনো রূপান্তরের ওপর নতুন রূপান্তর চাপাতে গেলে অথবা একই সঙ্গে দুটি রূপান্তর চালাতে গেলে (তত্ত্বগত ভাবে সম্ভব কিন্তু কার্যক্ষেত্রে করা অনুচিত) এই সমস্যা হতে পারে। এর সমাধানের জন্য আপনাকে প্রথমে একুশে প্রতিস্থাপনা (Uninstall) করতে হবে, তারপর ওয়ার্ডের সমস্ত রূপান্তর প্রতিস্থাপনা করতে হবে। তারপর ওয়ার্ডের যে রূপান্তরটি পছন্দ কেবলমাত্র সেই রূপান্তরটি স্থাপনা (install) করুন। এরপর স্বাভাবিক ভাবে একুশে স্থাপনা করুন।

৩.২.১ এটি বলছে "ভিসুয়াল বেসিকের পরিবেশ চালু করতে পারছে না" ("Cannot initialise Visual basic Environment") অথবা লোড করবার সময় ত্রুটি ঘটেছে (Errors Occurred During Load), কেন?

আপনার মেশিনে মাইক্রোসফট্‌ ওয়ার্ডের সম্পুর্ণ স্থাপনা না থাকলে এমনটি হবে। সমাধানের জন্য আপনি ওয়ার্ড প্রতিস্থাপিত (reinstall) করুন, এবং এই সময়ে compact-এ টিক না দিয়ে full install-এ টিক দিন।

৩.৩ কোনও একটি বিশেষ লিপি ব্যবহার করবার সময় একুশে ঠিকমতো কাজ করছে না। আমি কী করতে পারি?

প্রথমত: আপনি দেখুন আপনার মেশিনে ওই নির্দিষ্ট লিপিটি স্থাপিত আছে কি না। এটি আপনি *'লিপি পরীক্ষা'* (Font test) প্রতিচিত্র থেকে করতে পারেন। আপনার যদি নির্দিষ্ট লিপিটি না থাকে, তাহলে আপনার মেশিনে আছে এমন কোনও লিপি আপনাকে পছন্দ করতে হবে। একুশের *'লিপি পরিবর্তনের'* সুবিধাটি কেবলমাত্র *দেখা* এবং *ছাপার* জন্য প্রযোজ্য। এই সুবিধাটি আপনি নথী সম্পাদনার সময়ে পাবেন না।

কিন্তু আপনার মেশিনে লিপিটি থাকা সত্ত্বেও যদি কাজ না করে, তাহলে এমন হতে পারে যে লিপিটি নতুন এবং একুশে একে চিনতে পারছে না। এরজন্য আপনাকে ব্যবহারযোগ্য লিপির তালিকা পুননবীকরণ করতে হবে। আপনি *'অতিরিক্ত নিয়ন্ত্রণ'* ট্যাবের *'লিপি'* উপ-ট্যাবে *ইন্টারনেট পুননবীকরণ* বোতামটি ব্যবহার করুন। এভাবে সমস্যার সমাধান না হলে আপনাকে এই উপট্যাবে *'স্বনির্মাণ'* বোতামটি ব্যবহার করে নিজে হাতে লিপিটি ব্যবহারযোগ্য করতে হবে। আপনি যদি আপনার মেশিনে একুশের কাছে অপরিচিত কোনও বাংলা লিপি পান তাহলে একুশেকে জানালে পরবর্তী রূপান্তরে লিপিটিকে ব্যবহারযোগ্য করে তোলার চেষ্টা হবে।

৩.৩.১ অসমীয়া অক্ষরগুলি বাদে একুশে ঠিকমতো কাজ করছে। আমি কী করতে পারি?

আপনি দেখুন যে লিপিতে আপনি কাজ করছেন সেটিতে অসমীয়া অক্ষরগুলি (যথা, 'ৰ ') আছে কি না। একুশে নামাঙ্কিত লিপিগুলি এবং আইলিপ-এর অসমীয়া লিপিতে এই টাইপ সম্ভব।

৩.৩.২ কখনও জয়েন 'কি' (join key) ব্যবহার করলে লিপি (font) ইংরেজিতে পরিবর্তিত হচ্ছে। কেন?

প্রথমে আপনার ব্যবহৃত লিপি মেশিনে স্থাপিত আছে কি না দেখুন। আপনি যদি অন্য কারোর তৈরি নথী আপনার মেশিনে সম্পাদনা করেন (অথবা বাংলা লিপি মেশিন থেকে প্রতিস্থাপিত করেন) তাহলে সম্ভবত: আপনি একুশের লিপি প্রতিস্থাপন ব্যবস্থার দ্বারা নথীটি পড়তে পারছেন। কিন্তু এভাবে আপনি সম্পাদনা করতে পারবেন না। আপনি এই সমস্যায় পড়েছেন কি না জানতে হলে ওয়ার্ডের 'options' কথোপকথন বক্সের 'compatibility' ট্যাবের 'Font Substitution' বোতামটি ব্যবহার করুন। এটি পাবেন Menu বারের tools menu থেকে। এখান থেকে আপনি সমস্যাটির চিরস্থায়ী সমাধানও করতে পারবেন।
অথবা, কিছু বাংলা লিপিতে এক বা একাধিক অস্বাভাবিক অক্ষর থাকে, যা ওয়ার্ড ঠিকমতো দেখাতে পারে না, ফলে লিপিটি পরিবর্তন করে দেয়। কোনও একটি নির্দিষ্ট লিপির ক্ষেত্রে এই সমস্যাটি হচ্ছে কি না বুঝতে হলে আপনি প্রথমে লিপিটি নির্বাচিত করুন। অত:পর একুশের *'লিপি পরীক্ষা'* প্রতিচিত্রটি ব্যবহার করে দেখুন আপনার নির্দিষ্ট লিপিতে এধরণের কোনও সমস্যা আছে কি না। থাকলে আপনাকে অন্য লিপি ব্যবহার করতে হবে। কিন্তু আপনার যদি ওই বিশেষ লিপিটি ব্যবহার করা খুবই জরুরি হয়, তাহলে আপনাকে অক্ষরটি ওয়ার্ডের Insert menu-র symbol কথোপকথন বক্সের সাহায্যে ব্যবহার করতে হবে।

৩.৩.৩ স ও ট এবং ন ও ট যুক্তাক্ষর এবং অন্য কয়েকটি ক্ষেত্রে সমস্যা হচ্ছে কেন?

একুশে অন্তত: ২২০টি লিপিকে তাদের নিজস্ব লিপিগুচ্ছ অনুযায়ী চিনতে পারে এবং ব্যবহারযোগ্য করে তুলতে পারে। কিন্তু 'বিজয়' ও 'লেখনী' লিপিগুচ্ছের কিছু লিপি একই নামে তৈরি হয়েছে। ফলে একুশে ব্যবহারযোগ্য লিপির তালিকা তৈরিতে সমস্যায় পরে ও এই অসুবিধার সৃষ্টি হয়। সমাধানের জন্য আপনি *'অতিরিক্ত নিয়ন্ত্রণ'* ট্যাবের *'লিপি'* উপট্যাব থেকে ব্যবহারযোগ্য লিপির তালিকা বদল করুন। যথা যে লিপিটি সমস্যা করছে সেটি *বিজয়-তে* থাকলে *লেখনীতে* নিয়ে যান।

৩.৩.৪ উচ্চারণভিত্তিক টাইপে (phonetic typing) কোনও কোনও যুক্তাক্ষর যথাযথ ব্যবহার করছে না কেন?

সবধরণের লিপিতেই সমস্ত বাংলা যুক্তাক্ষর সাধারণ ভাবে তৈরি করা যায় না। ফলে একুশে ওয়ার্ডের নির্দিষ্ট অক্ষরের-শুন্যস্থানের (Word spacing) পরিবর্তন করে যক্তাক্ষর তৈরি করে। এর জন্য আপনাকে *'অতিরিক্ত নিয়ন্ত্রণ'* ট্যাবের *'বিকল্প'* উপট্যাব-এ *অতিরিক্ত যুক্তাক্ষর* টিক দিতে হবে। কিন্তু আপনি যদি অক্ষরের স্বাভাবিক শুন্যস্থানের পরিবর্তন করেন, তাহলে উচ্চারণভিত্তিক টাইপের ক্ষেত্রে এই সমস্যার সৃষ্টি হবে।

৩.৪ অধিকাংশ 'কি' (key) ঠিকমতো অথবা আদৌ কাজ করছে না। আমি কী করতে পারি?

আপনি যদি একই সঙ্গে অন্যান্য সফট্ওয়ার চালু রাখেন সেক্ষেত্রে এই সমস্যা হতে পারে। কারণ, এরফলে ওয়ার্ড 'কি-বোর্ড'কে ঠিকমতো ব্যবহার করতে পারে না। যেমন অন্য বাংলা সফট্ওয়ার বা 'কি-বোর্ড'সঞ্চালক চালু থাকলে এই সমস্যা হবে। ফলে আপনি একুশের সঙ্গে এধরণের কোনও সফট্ওয়ার চালু রাখবেন না।

৩.৪.১ অন্ততঃ অর্ধেক 'কি' (key) ঠিকমতো কাজ করছে না, সমস্যাটি কোথায়?

লাটিন অক্ষরগুলির কথা মনে রেখে মাইক্রোসফ্ট ওয়ার্ডে All Caps ও Small Caps নামে দুটি সুবিধা দেওয়া আছে। এগুলিতে টিক দেওয়া থাকলে বাংলা অক্ষরগুলির ক্ষেত্রে অসুবিধা হয়। আপনাকে ওয়ার্ডের menu বারের Format বিকল্প থেকে এদুটিকে অচল করে নিতে হবে।

৩.৪.২ কিছু 'কি' (key) ঠিকমতো কাজ করছে না, কী করণীয়?

যদি সামান্য কয়েকটি ধারের 'কি'-এর ক্ষেত্রে এই অসুবিধা হয়, তাহলে আপনি হয়তো একুশে যেরকম চাইছে তার থেকে সামান্য আলাদা কোনও 'কি'-বোর্ড ব্যবহার করছেন। যেমন U.S.এর জায়গায় U.K.-এর 'কি-বোর্ড'। এটি 'কি-বোর্ড' বিন্যাস সম্পাদকের সাহায্যে খুব সহজেই ঠিক করা যাবে। কিন্তু এভাবে সম্যার সমাধান না হলে, অন্য সম্ভাবনাটি হলো ওয়ার্ডের মধ্যে স্থাপিত অন্য কোনও সফট্ওয়ার একুশের 'কি-বোর্ড' ব্যবহারে অসুবিধার সৃষ্টি করছে। এরকম হলে ওয়ার্ডের tools menu-র Templates and add ins... বিকল্পে দেখুন কোন সফট্ওয়ারগুলি চলছে এবং সাহায্যের জন্য একুশেকে জানান। এখনও অব্দি কোনও সফট্ওয়ার এই সমস্যা করছে বলে জানা নেই।

৩.৪.৩ কোনও 'কি' (key) ব্যবহার করলেই ওয়ার্ড আমাকে সাবধান করছে কেন?

আপনি যদি প্রত্যেককটি 'কি' টিপলেই "The macros in this project are disabled. Please refer to the online help or documentation of the host application to determine how to enable macros." বার্তাটি দেখেন তাহলে বুঝতে হবে আপনি একুশে ঠিকভাবে স্থাপনা (install) করতে পারেননি অথবা ঠিকভাবে ব্যবহার করছেন না। অতএব আপনি স্থাপনার নির্দেশ (installation instruction) দেখে একুশে পুনর্স্থাপিত করুন। মনে রাখবেন ওয়ার্ড চালু হওয়া মাত্রই একুশে স্বাভাবিক ভাবে চালু হবে।

৩.৫ ইন্টারনেটে পুনর্নবীকরণ (Internet update) হচ্ছে না কেন?

এই ব্যবস্থায় অ্যাল্ট্রুইস্ট-এর অঞ্চল (site) থেকে ব্যবহারযোগ্য লিপির তালিকার একটি নথী নিম্নস্থাপিত (download) হয়। এটি কাজ না করার একটি কারণ হতে পারে আপনার কাছে সর্বাধুনিক নথীটি আছে। কিন্তু যদি http://www.altruists.org/downloads/fonts ঠিকানার ইন্টারনেটের পাতায় দেখা যায় যে নতুন তালিকা পাওয়া সম্ভব কিন্তু স্বয়ংক্রিয় ব্যবস্থাটি কাজ করছে না, তাহলে হয়তো internet cache জন্য এটা হচ্ছে। আপনি internet cache থেকে আগের নথীটি (*.21f) মুছে ফেলুন ও আবার চেষ্টা করুন।

৩.৬ "একুশ**.ডট নথী(file)র পরিবর্তন কি সুরক্ষিত (save) করতে চাইছেন?" ("Do you want to save the changes you made to ekush**.dot?")

যদি অন্য কোনও সফট্ওয়ারের দ্বারা প্রভাবিত হয়ে অথবা নিজে থেকে আপনি নতুন 'কি'বন্ধনি প্রস্তুত করেন তাহলে এই বার্তাটি আপনি দেখতে পারেন। এটি দেখলে 'yes' টিপে আপনার কাজ চালিয়ে জান। যে সফট্ওয়ারটি এই অসুবিধা করছে বলে মনে হয়ে তার সম্পর্কে একুশেকে অবহিত করুন।

৩.৭ একুশেকে খুঁজে পাচ্ছি না কেন?

একুশে একটি নিয়ামক template (.dot) নথী হিসাবে কাজ করে। এবং C:\Program Files\Microsoft Office\Office\Startup -অবস্থান করে। এই ফাইল যদি মুছে ফেলা হয় বা বাতিল হয়ে যায় তাহলে এই সমস্যা হয়। সমাধানের জন্য আপনি একুশে পনস্থাপিত করতে পারেন অথবা C:\Program Files\Altruists International\Ekushey এই অবস্থান থেকে প্রয়োজনীয় (Ekushe.dot) নথীটি নকল (copy) করে প্রথমোক্ত স্থানে লাগাতে (paste) পারেন। কিছু ক্ষেত্রে অবশ্য ওয়ার্ড একুশে চালু করতে ব্যর্থ হয়। তখন Tools menu-র Templates and add ins... থেকে একুশেকে টিক দিয়ে চালু করে নিতে হবে। নিচের বর্ণিত ক্ষেত্রে কোনও কারণে হয়ত এটি অকার্যকরী হয়ে থাকতে পারে।

৩.৭.১ সাধিত্রমালার (Toolbar) একুশের বোতামগুলি নেই, পুনরুদ্ধার কীভাবে হবে?

একুশে সাধিত্রমালাকে (toolbar) স্বচেষ্টায় বন্ধ রাখা সম্ভব। সাধিত্রমালাকে বন্ধ রাখতে গেলে আপনাকে View menu-র Toolbars-এর সাহায্য নিতে হবে। আবার এখানেই টিক দিয়ে আপনি সাধিত্রমালাকে ফেরত আনতে পারবেন।

৩.৭.২ প্রতিস্থাপিত (uninstall) না করেই কি একুশেকে অক্ষম (disable) করে রাখা যায়?

হ্যাঁ। সবচেয়ে সহজ উপায় হলো একুশে বিকল্প প্রতিচিত্রের কথোপথন বক্সের *'অতিরিক্ত নিয়ন্ত্রণ'* ট্যাবের *'বিকল্প'* উপট্যাবে *'কার্যকরিতা'* বক্সের থেকে একুশেকে বন্ধ রাখা। এখানে আপনি ওয়ার্ড পুনরায় চালু না হওয়া পর্যন্ত একে বন্ধ রাখতে পারবেন। অথবা যতক্ষণ না পর্যন্ত আপনি আবার এখান থেকে চালু না করছেন ততক্ষণ বন্ধ রাখতে পারবেন।

৩.৭.৩ একুশে এবং ওয়ার্ডের কন্ট্রোল'কি' ত্বরিতাদেশ (shortcuts) একই সঙ্গে ব্যবহার করা যাবে?

রূপান্তর ২.২ পযর্ন্ত এটি সম্ভব। পরোনো রূপান্তর প্রয়োজন হলে আপনি একুশেতে যোগাযোগ করুন।

৩.৭.৪ স্বপছন্দের (Custom) কন্ট্রোল'কি' ত্বরিতাদেশ (shortcuts) ও একুশে একই সঙ্গে ব্যবহার করা সম্ভব?

আগের প্রশ্নের উত্তর দেখুন।

৩.৮ কিছু বোতাম-প্রতিকৃতি (Button icons) এবং/অথবা শুরুর ছবি কেন ঠিকমতো কাজ করছে না?

যদি প্রতিকৃতিটি শুধু কালো হয়ে থাকে তাহলে সম্ভবত: উইন্ডোজের স্মৃতির পরিমাণ কমে গেছে। অন্যান্য সফট্‌ওয়ার বন্ধ করলে সমস্যার সমাধান হবে। অন্যথায় এই সমস্যা হয় graphics card-কে ঠিকমতো প্রস্তুত না করার জন্য। hardware acceleration-এর পরিমাণ কমালে সমস্যার সমাধান হবে।

৩.৯ কীভাবে একুশে প্রতিস্থাপিত (uninstall) করবো?

উইন্ডোজ-এর start () বোতামটি টিপুন। সেখান থেকে setting-এ যান। তারপর control panel-এ গিয়ে add/remove Programs প্রতিচিত্র (icon) চালু করুন। সেখানের তালিকা থেকে একুশে নির্বাচন করে Automatic Uninstall করুন। আপনি যদি পরোনো রূপান্তর প্রতিস্থাপিত না করেই নতুন স্থাপন করে থাকেন তাহলে আপনাকে স্বহস্তে প্রতিস্থাপিত করতে হবে। নিয়ামক নথীটি হলো Ekush--.dot এবং এটি পাওয়া যাবে c:\Program Files\Microsoft Office\Office\Startup অবস্থানে। এটিকে মুছে দেওয়া মানে একুশে প্রতিস্থাপিত হওয়া।

৩.১০ জাপানি/কোরীয়/চিনা উইন্ডোতে কেন একুশে সময় নেয়?

দূর প্রাচ্যের এই ভাষাগুলিতে Dual Byte Character Set (DBCS) নামে একটি বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়। এটি খেয়াল রেখে একুশে বাংলা লেখা ও পড়ার জন্য বিশেষ DBCS ব্যবস্থা ব্যবহার করে। অবশ্য এই নথী সংরক্ষিত হয় সাধারণ ভাবে। এর ফলে সব কম্পিউটারে এটি সহজেই পড়া যায়। সাধারণ ব্যবস্থা ও DBCS ব্যবস্থার মধ্যে এই পরিবর্তন করার জন্যই এই ধরণের উইন্ডোজে একুশে বেশি সময় নেয়।

৩.১০.১ এটিকে কি দ্রুত করা সম্ভব?

হ্যাঁ সম্ভব। DBCS কম্পিউটারে দ্রুতগতি আনার জন্য *‘অতিরিক্ত নিয়ন্ত্রণ’* ট্যাবের *স্বয়ংক্রিয় পরিবর্তন* বক্সের টিক চিহ্ন তুলে দিন। এর ফলে DBCS নথী স্বাভাবিক ভাবে কাজ করবে। তবে এই নথী যদি আপনি ছাড়া অন্য কেউ ব্যবহার না করে, কেবলমাত্র সেই ক্ষেত্রেই সমস্যা হবে না। আপনি পরে আবার উপরোক্ত বাক্সে টিক দিয়ে পুনরাবস্থায় ফিরতে পারেন। অথবা ওয়ার্ডের Tools menu-র Ekushey থেকে আপনি convert বিকল্পটি ব্যবহার করে নথীটিকে অন্যান্য কম্পিউটারে ব্যবহারযোগ্য করে তুলতে পারেন।

৩.১০.২ ব্যঞ্জণবর্ণর তুলনায় স্বরবর্ণ টাইপ হতে কেন বেশি সময় লাগে?

এটি খুবই স্বাভাবিক। কারণ স্বরবর্ণ অনেক বেশি কাজ করে। একুশেকে পূর্ববর্তী অক্ষর বিশ্লেষণ করে স্বরবর্ণের আসল রূপটি নির্বাচন করতে হয়। আপনার মেশিনের অন্তরালে যদি অনেক সফট্‌ওয়ার কাজ না করে তাহলে পেন্টিয়াম-২ অথবা দ্রুতগতির মেশিনে আপনি এই সমস্যা ধরতে পারবেন না।

৩.১১ একুশের সূচনাকাল কি দ্রুত করা সম্ভব?

স্বাভাবিক ভাবে একুশে সুচনাকালে মেশিনে স্থাপিত বাংলা লিপি পরীক্ষা করে। এখন আপনার মেশিনে যদি অনেক লিপি স্থাপিত থাকে, তাহলে আপনি এই পরীক্ষা থেকে বিরত থাকতে পারেন। এর জন্য আপনাকে *‘অতিরিক্ত নিয়ন্ত্রণ’* ট্যাবের *‘বিকল্প’* উপট্যাবের *‘স্বয়ংক্রিয় লিপি পরীক্ষা’* বাক্সটির টিক চিহ্ন তুলে দিতে হবে।

৩.১২ একুশেতে কি কোনও পরিচিত সমস্যা আছে?

সমস্যা	সমাধান
১) ওয়ার্ডের 'Envelopes & Labels' বিকল্প কাজ করে না।	এটি ব্যবহারের প্রয়োজন হলে একুশে বন্ধ করে রাখুন।
২) লেখনী লিপিগুচ্ছে অসমীয়া অক্ষর ব্যবহার করা যায় না।	অন্য কোনও লিপিগুচ্ছ ব্যবহার করুন।
৩) Search/replace ও Word Art ওয়ার্ডের এই দুই ক্ষেত্রে একুশে টাইপ করা যায় না।	প্রথমে আপনার পছন্দের শব্দ অন্য কোথাও টাইপ করুন। তারপর সেটিকে নির্বাচন (select) করে নকল (copy) করুন এবং Word Art অথবা Search/Replace-এ লাগান। (paste) এবার ওয়ার্ডের এই সুবিধা ব্যবহার করতে পারবেন।
৪) আউটলুক সম্পাদক হিসেবে ওয়ার্ড ব্যবহার করতে গেলে কিছু শব্দ এদিক ওদিক বসে যাচ্ছে।	আপনার মেশিনের গতি কমের জন্য এটি হয়। দ্রুতগতির মেশিন ব্যবহার করতে পারেন অথবা আস্তে টাইপ করুন।
৫) নিয়ামক নথী অথবা Template fileটি সম্পাদনার সময় `Run-time error '5828' Requested object is not available` বার্তাটি দেখা যাচ্ছে।	Adobe Acrobat Writer 5.0 স্থাপিত থাকলে এরকম হবে। হয় এটিকে প্রতিস্থাপিত করুন অথবা উক্ত নথীটি সম্পাদনা করবেন না।

৩.১২.১ একুশে কি উইন্ডোস-এর নিজস্ব 'কি'-বোর্ড ব্যবস্থার (input locale) দ্বারা প্রভাবিত হয়?

'নিজস্ব কি-বোর্ড ব্যবস্থা অপরিবর্তিত' বিকল্পর সাহায্যে আপনি একুশেকে আপনার মেশিনের 'কি'-বোর্ড-এর সঙ্গে যুক্ত করতে পারেন। তবে এর জন্য অন্তত: পক্ষে পেন্টিয়াম-৪ অথবা আরও দ্রুতগতির মেশিন দরকার। কম গতির মেশিন ব্যবহারকারীরা UK অথবা US 'কি'বোর্ড ব্যবহার করলে সুবিধা হবে। অন্যথায় কিছুক্ষেত্রে অসুবিধা হতে পারে। আপনি যদি অন্য কোনও 'কি'বোর্ড ব্যবস্থায় একুশেকে সফল ভাবে চালাতে পারেন, তাহলে আমাদের জানালে আমরা সেই অনুযায়ী ব্যবস্থা নেব।

৩.১৩ স্বাভাবিক (Default) বাংলা লিপির পূর্বচিত্রতে (preview) কোনও বাংলা লিপি দেখা যাচ্ছে না কেন?

স্বাভাবিক লিপি হিসাবে আপনি যে লিপিটি পছন্দ করেছেন, একুশে তাকে বাংলা লিপি হিসাবে চিনতে পারছে না। আপনি *'ব্যবহারযোগ্য লিপি'*র থেকে লিপিটিকে একুশেকে চিনতে সাহায্য করুন।

৩.১৪ একুশের আরও কিছু অসুবিধা অনুভব করছি। কী করবো?

পুরো একুশে প্রোগ্রামটির সম্পর্কে কোনও বক্তব্য থাকলে আপনি আমাদের জানান। যেকোনও বক্তব্য খুব খুশির সঙ্গে গ্রহণ করা হবে। সমস্যার কথা যতটা সম্ভব নির্দিষ্ট করে জানাতে অনুরোধ করা হচ্ছে। কারণ, সেক্ষেত্রে সমস্যাটি বুঝতে সুবিধা হবে।

আইনগত বিষয়।

৪.১ একুশের আইনগত অবস্থান কী?

একুশে বিনামূল্যে পাওয়া যায়। GNU General Public License-এর চুক্তি অনুযায়ী আপনি একে বিতরণ/পরিবর্তন করতে পারেন। এই জন্য আপনাকে এই চুক্তির দ্বিতীয় অথবা তারপরের রূপান্তর মেনে চলতে হবে। আপনাদের সুবিধা হবে এই ভেবে এটি বিতরণ করা হচ্ছে। **তবে কোনওরকম গ্যারান্টি নেই**। এমনকি কোনও বিশেষ ক্ষেত্রেও কোনও গ্যারান্টি নেই। বিশদ বিবরণের জন্য GNU General Public License দেখুন। এই ঠিকানায় যোগাযোগ করুন। Free Software Foundation, Inc., 675 Mass Ave, Cambridge, MA 02139, USA.

৪.২ একুশে অবাধে ব্যবহার করা যাবে?

হ্যাঁ।

৪.২.১ একুশেকে আমার পরিবার/বন্ধু/সহকর্মী/ক্রেতা/অন্যকারো কাছে, উপহার দেওয়া অথবা বিক্রি করা যাবে?

হ্যাঁ।

৪.৩ একুশেকে আমার ওয়েবসাইট/বিবিএস অথবা অন্যকোথাও রেখে দিতে পারি?

হ্যাঁ। একুশেকে পুনর্বন্টনের জন্য ওই সমস্ত জায়গায় রাখতে পারেন। তবে অ্যাল্ট্রুইস্ট ইন্টারন্যাশনালের ওয়েবসাইটে (www.altruists.org) যোগাযোগ স্থাপন করিয়ে দিলে প্রস্তুতকারীরা খুশি হবেন।

৪.৩.১ অনুশীলনমালা/ বিনামূল্যে বইএর সঙ্গে বিতরিত সিডি বা অন্য কোনও সিডিতে একে সন্নিবেশিত করা যাবে?

হ্যাঁ। তবে আবারও অ্যাল্ট্রুইস্ট ইন্টারন্যাশনালের ওয়েবসাইটে (www.altruists.org) যোগাযোগ স্থাপন করিয়ে দিলে প্রস্তুতকারীরা খুশি হবেন।

৪.৪ এটিকে পরিবর্তন করা যাবে?

করতে পারেন। তবে General Public License এর নিয়ম অনুযায়ী। যেমন, কখোনই একে পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত করতে পারবেন না।

৪.৫ একুশের জন্য কি আরও লিপি পাওয়া সম্ভব?

একুশেতে প্রায় ২২০টিরও বেশি জনপ্রিয় লিপি ব্যবহারযোগ্য হলেও, আইনগত কারণে আমরা আমরা সব লিপি এর সঙ্গে দিতে পারি না। আপনার যদি আরও লিপির প্রয়োজন হয় তাহলে আপনি বিনামূল্যের লিপি খুঁজতে পারেন অথবা লিপি কিনতে পারেন। আপনি নিজে কোনও লিপি তৈরি করলে এবং বিনামূল্যে বিতরণের জন্য প্রস্তুত থাকলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

বিনামূল্যে একুশে পেতে হলে **Downloads page (US)** অথবা **Downloads page (UK)**-তে যোগাযোগ করুন।

আপনি যদি নিয়মিত একুশে ব্যবহার করেন তাহলে আপনার সুবিধা অসুবিধা আমাদের জানান। (US) (UK).